

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
www.moha.gov.bd

বিষয়: UNHCR কর্তৃক প্রদত্ত রোহিঙ্গা ডাটাবেজ জাতীয় ডাটা সেন্টারে সংরক্ষণ ও পরিচালনার নিমিত্ত বিসিসি এর সাথে চুক্তি সম্পাদনের নিমিত্ত পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ জসিম উদ্দীন
যুগ্মসচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
তারিখ : ২৯/০৯/২০২৬ খ্রি.
সময় : সকাল ১১.০০ ঘটিকা
স্থান : কক্ষ নং-১০৮, ২য় তলা, ভবন নং-৮, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়
উপস্থিতি : পরিশিষ্ট - 'ক'

২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি উল্লেখ করেন যে, বলপ্রয়োগে বাধ্যতায় মিয়ানমারের নাগরিক তথা রোহিঙ্গাদের তথ্য UNHCR-এর নিকট সংরক্ষিত রয়েছে। উক্ত তথ্য শেয়ারিংয়ের লক্ষ্যে UNHCR ও পররাষ্ট্র মন্ত্রণালয়ের মধ্যে বিদ্যমান সমঝোতা স্মারক (MoU) এর আওতায় UNHCR হতে প্রাপ্ত তথ্য সংরক্ষণের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়ের পরামর্শে মাননীয় প্রধান উপদেষ্টার কার্যালয়ের গত ২৯ জুলাই ২০২৫ তারিখের অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে এ সংক্রান্ত দায়িত্ব স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ওপর ন্যস্ত করা হয়। এ প্রেক্ষিতে UNHCR হতে ডাটা জাতীয় ডাটা সেন্টারে সংরক্ষণ ও পরিচালনার জন্য বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) কর্তৃক প্রস্তাবিত ব্যয় পর্যালোচনার জন্য আজকের সভা আহ্বান করা হয়েছে।

৩। আলোচনা:

৩.১ সভায় উল্লেখ করা হয় যে, স্বরাষ্ট্র মন্ত্রণালয় UNHCR হতে প্রদত্ত রোহিঙ্গা-সংক্রান্ত ডাটা সংগ্রহ, সংরক্ষণ এবং প্রয়োজন অনুযায়ী সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তর/সংস্থার সঙ্গে শেয়ার করবে। এ লক্ষ্যে ইতোমধ্যে একটি খসড়া SOP প্রণয়ন করা হয়েছে। একইসঙ্গে UNHCR হতে প্রাপ্ত ডাটা নিরাপদে সংরক্ষণের জন্য বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি)-কে দায়িত্ব প্রদান করা হয়েছে। বিসিসি এ উদ্দেশ্যে প্রয়োজনীয় সফটওয়্যার প্রস্তুত করেছে। বিসিসি কর্তৃক উক্ত সফটওয়্যার পরিচালনা ও ডাটা সংরক্ষণের জন্য প্রয়োজনীয় হার্ডওয়্যার/ইনফ্রাস্ট্রাকচার বাবদ মাসিক ১,০৪,৪৭৫/- (এক লক্ষ চার হাজার চারশত পঁচাত্তর) টাকার প্রস্তাবের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং বর্ণিত ডাটা সংরক্ষণ ও পরিচালনা বাবদ মাসিক ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা বিসিসিকে প্রদানের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। এ বিষয়ে বিসিসিকে লিখিতভাবে অবহিত করা এবং এ সংক্রান্ত খসড়া চুক্তি প্রণয়নপূর্বক বিসিসির মতামত নেয়ার বিষয়ে সভায় একমত ব্যক্ত করা হয়।

৪। সিদ্ধান্ত: সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

৪.১ UNHCR হতে প্রদত্ত রোহিঙ্গা-সংক্রান্ত ডাটা বিসিসি'তে সংগ্রহ, সংরক্ষণ ও পরিচালনা বাবদ মাসিক ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা বিসিসি-কে প্রদানের বিষয়ে বিসিসিকে লিখিতভাবে অবহিত করতে হবে;

৪.২ এ সংক্রান্ত খসড়া চুক্তি প্রণয়নপূর্বক বিসিসি'র মতামত গ্রহণ করতে হবে।

৫.০। অন্য কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ
মোঃ জসিম উদ্দীন
যুগ্মসচিব
প্রশাসন-১ অধিশাখা
স্বরাষ্ট্র মন্ত্রণালয়

স্মারক নং: ৪৪.০০.০০০০.০২০.০৪.০০৪.১৭- ১৬১৬

তারিখ: ১৪ আশ্বিন ১৪৩৩
২৯ সেপ্টেম্বর ২০২৬

অনুলিপি (অবগতি ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, ঢাকা।

২। যুগ্মসচিব (বহিরাগমন অধিশাখা), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

৩। উপসচিব (বহিরাগমন-৩ শাখা), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৫। সিস্টেম এনালিস্ট-১, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

৬। সিস্টেম এনালিস্ট-২, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

৭। প্রোগ্রামার, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

৮। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৯। যুগ্মসচিব (প্রশাসন-১ অধিশাখা), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১০। অফিস কপি।



মুহাম্মদ আবদুল্লাহ আল জাবেদ
উপসচিব